**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Independence Day celebration -PM :**

আজ ৭৯ তম স্বাধীনতা দিবস। গোটা দেশ স্বাধীনতা সংগ্রামীদের বীর গাঁথা ও অমর আত্মত্যাগের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরন করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকালে প্রথা অনুসরন করে দিল্লিতে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং ঐতিহাসিক লাল কেল্লার প্রাকার থেকে দেশবাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, স্বাধীনতার এই পার্বন ১৪০ কোটি ভারতবাসীর গর্বের উদযাপন।১৪০ কোটি ভারতীয় আজ ত্রিবর্ণ পতাকার রঙে রঞ্জিত। দেশের প্রতিটি প্রান্তে আজ গুঞ্জরিত হচ্ছে মাতৃভূমির জয়গান।

**************** BYTE PM **************

********************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৭৯তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় গতকাল জাতির উদ্দেশ্যে ভাষণ দেন| তিনি দেশবাসীকে শুভেচ্ছা জানান| তিনি বলেন, ১৫ই আগস্ট দিনটি আমাদের সম্মিলিত স্মৃতিতে গভীরভাবে আঁকা রয়েছে। তিনি বলেন, ভারতভূমি বিশ্বের প্রাচীনতম প্রজাতন্ত্রের দেশ ছিল। একে গণতন্ত্রের জননী বলাই উচিত। আমাদের জন্য, আমাদের সংবিধান এবং আমাদের গণতন্ত্র সর্বোপরি।

তিনি সংবিধানের চারটি মূল্যবোধ ন্যায়বিচার, স্বাধীনতা, সাম্য এবং ভ্রাতৃত্বের উল্লেখ করেন তিনি বলেন, নীতিগুলিকে সর্বাগ্রে রেখে, আমরা ১৯৪৭ সালে একটি নতুন যাত্রা শুরু করি। বর্তমানে ভারত একটি স্বনির্ভর জাতি হওয়ার পথে যথেষ্ট পথ অতিক্রম করেছে এবং অত্যন্ত আত্মবিশ্বাসের সঙ্গে এগিয়ে চলেছে।

*********************

## Independence Day celebration - Governor :

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি আজ সকালে সার্কিট হাউসে মহাত্মা গান্ধী মূর্তি প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন। সঙ্গে ছিলেন রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। রাজ্যপাল এরপর গান্ধী ঘাটে গান্ধী দিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। পরে তিনি লিচুবাগান এ অ্যালবার্ট এক্কা পার্কে শহীদদের উদ্দেশ্যে ফুলের মালা অর্পণ করেন।

**********************

## Independence Day celebration-1 :

৭৯ তম স্বাধীনতা দিবসে রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে। এখানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন। ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের সদর কার্যালয়, খুমুলুং-এ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন করে অভিবাদন গ্রহণ করেন পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা |

রাজ্যের সব সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। স্কুলগুলো থেকে এই উপলক্ষে ছাত্রছাত্রীদের নিয়ে শোভাযাত্রার আয়োজন করা হয়। হরঘর তেরঙ্গা কর্মসূচীর আহ্বানে আগরতলা শহরের বাড়ি বাড়ি ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উড়তে দেখা গেছে।

রাজ্যের বিভিন্ন ক্লাব ও স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে স্বাধীনতা দিবস উপলক্ষে নানা সামাজিক ও ক্রীড়া কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

আজ সকালে আকাশবাণী আগরতলা কেন্দ্রে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন দায়িত্বপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা জে. বি. চরকপল্লী, অনুষ্ঠান বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা এবং সংবাদ বিভাগের সহ অধিকর্তা কুনাল ভি. শিন্দে |

*********************

**Flag hoisting by chief justice :**

স্বাধীনতা দিবস উপলক্ষে আজ ত্রিপুরা হাইকোর্টে জাতীয় পতাকা উত্তোলন করেছেন প্রধান বিচারপতি এমএস রামাচন্দ্র রাও। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত ছাড়াও বরিষ্ঠ আইনজীবী ও বিচার বিভাগীয় আধিকারিকরা | এদিকে, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি. অমরনাথ গৌড়।

************************

**Independence Day-UNAKOTI :**

নানা কর্মসূচির মধ্য দিয়ে ও উৎসাহ্ উদ্দীপনার মধ্য দিয়ে ঊনকোটি জেলাতেও আজ পালিত হয় ৭৯ তম স্বাধীনতা দিবস। কৈলাশহরের"কার্গিল স্মৃতি কর্ণারে" পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। জেলা সদর কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন, রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। তিনি সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।

***********************

## Independent day celebration-Gomati :

যথাযোগ্য মর্যাদায় গোমতি জেলাতেও উদযাপন করা হয় ৭৯ তম স্বাধীনতা দিবস। জেলার মূল অনুষ্ঠানটি হয় গোমাতি জেলা স্পোর্টস কমপ্লেক্স মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও অভিবাদন গ্রহণ করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় |

*********************

## Independence Day-khowai :

যথাযথ মর্যাদায় আজ খোয়াই তে ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয় খোয়াই বিমানবন্দর মাঠে। স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

*********************

**Jail release :**

স্বাধীনতা দিবস উপলক্ষে এই বছর জেল থেকে ছাড়া পাচ্ছে গল্পরাম রিয়াং নামে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামী। রাজ্যপালের অনুমতিতে আজ বিশালগড় কেন্দ্রীয় কারাগারে বন্দি এই আসামীকে ছাড়া হবে। ২০০৭ সালের ২৯ জুন তার সাজা ঘোষণা করেছিল আদালত। গতকাল রাজ্য সরকারের স্বরাষ্ট্র দপ্তরের উপসচিব এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন।

************************

**Independence Day-BJP :**

প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপির সহ সভানেত্রী পাপিয়া দত্ত সহ অন্যান্য কর্মকর্তারা।

*************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বজ্র বিদ্যুত সহ মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত  বৃষ্টিপাতের পরিমান ১০.৫ মিলিমিটার |

**************************

***********************